

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

মিরপুর শাখা, বাড়ী নং- ০১, রোড নং- ০৪, ব্লক-এ, সেকসন-৬, মিরপুর, ঢাকা-১২১৬

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর শাখার ঋণগ্রহীতা মেসার্স বেকার্স বে, মালিক- মোহাম্মদ আহমেদ, পিতা-মুহাম্মদ মনিরুল হক ও মাতাঃ সাদেকা হক, স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ মুরাদনগর, ডাকঘরঃ আলোফবালি, জেলা-নরসিংদি; বর্তমান ঠিকানাঃ ১/এ, ১/বি, ক-২৫৯, খালেক সিটি, বাঘবাড়ী, গাবতলী, জেলাঃ ঢাকা, ব্যবসায়িক ঠিকানা-ক-২৫৯, খালেক সিটি, বাঘবাড়ী, গাবতলী, জেলাঃ ঢাকা কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৭/০৩/২০১৬ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ২,৫৭,৭৮,২৩৪.৫৭ (দুই কোটি সাতাল্ল লাখ আটাত্তর হাজার দুইশত চৌত্রিশ টাকা এবং সাতাল্ল পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১। Land measuring 13.50 (Thirteen point Five Zero) decimals situated within District: Dhaka, Police Station & Sub-Registry Office: Savar, Mouza- **Dakkhin Krishnopor**, under J.L. No: C.S. 671, S.A. 186, R.S. 176, Present Field Survey 176, Khatian Nos. C.S. 35, S.A. 38, R.S. 30, Present Field Survey 1617, Mutation 30/Kat, Plot No. C.S. & S.A. $\frac{36}{37}$, R.S. 76, Present Field Survey 1530.

২। All that premise 02 (two) apartments being No. 1-A & 1-B, floor space measuring (1350x2) = 2700 (Two Thousand Seven Hundred) sft (more or less) on the Ground floor (north side) of the 6-storied residential building, including 2 (two) car parking space measuring (200x2) = 400 (Four Hundred) sft on the basement along with right for common use with other facilities, under project namely "BOUGAIN VILLA", along with undivided and undemarcated proportionate share of land measuring 156.34 (one hundred fifty six point three four) ajutangsha, situated within District- Dhaka, Police Station & Sub Registry Office-Mirpur, Mouza - Mirpur, J.L. No. C. S. 234, S. A. 58, R. S. 33, Dhaka City Jarip- 12, C. S. Khatian No. 595 & 573, S. A. Khatian No. 342 & 316, R. S. Khatian No. 61, Dhaka City Jarip Khatian No. 576, Mutation 2814, corresponding C. S. & S. A. Dag No. 317 & 318, R. S. Dag No. 2603, 2604, 2605, 2606, 2607, Dhaka City Jarip Dag No. 1204.

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২৯.০৩.২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- রাজউক/সিটি কর্পোরেশন, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, মিরপুর শাখা, ঢাকা।